



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd

## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের হল পরিদর্শনে উপাচার্য

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ মে ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের হলসমূহ পরিদর্শন করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। ১৮ মে ২০২২ তারিখ দুপুরে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য মহোদয় হলের ডাইনিংয়ের খাবারের মান যাচাই করেন এবং হলের শিক্ষার্থীদের সার্বিক খোঁজ খবর নেন। তিনি খাবারের মান ও পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হল সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এসময় উপাচার্য মহোদয়ের সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া, প্রক্টর ড. মোঃ খোরশেদ আলম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. রেহানা পারভীন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট তাসনুভা হাবিব জিসানসহ শিক্ষক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস